# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৭৬৭

১/ বিবিধ

আরবী

إن رجلا دخل الجنة، فرأى عبده فوق درجته، فقال: يا رب! هذا عبدي فوق درجتي!
قال: نعم، جزيته بعمله وجزيتك بعملك
ضعيف جدا

أخرجه الطبراني في " الأوسط " (1 / 154 / 1 ـ مجمع البحرين) وعنه الخطيب في " التاريخ " (7 / 129) والعقيلي في " الضعفاء " (ص 53) وابن عدي في " الكامل " (ق 34 / 2) من طريق بشير بن ميمون أبي صيفي: حدثنا مجاهد بن جبر عن أبي هريرة مرفوعا به. وقال الطبراني: " لم يروه عن مجاهد إلا أبو صيفي ". قلت: وفي ترجمته أورده الأخيران في جملة أحاديث، وقالا: " هذه الأحاديث غير محفوظة، ولا يتابع عليها ". وقال الحافظ في " التقريب ": " متروك، متهم
(تنبيه) : هذا الحديث أورده المنذري في " الترغيب " (3 / 59) مشيرا لضعفه من رواية الطبراني بلفظ: " إن عبدا ... "، وهو خطأ مخالف لرواية من ذكرنا، ومن العجيب أن الهيثمي في " مجمع الزوائد " (4 / 240) تبعه على ذلك، مع أنه أورده في " مجمع البحرين " على الصواب كما رأيت! وله من مثل هذه المتابعة للمنذري شيء كثير مما كون في نفسي اعتقاد أنه يقلده في ذلك دون أن يراجع أصوله، وقد سبقت له أمثلة أخرى. والله الموفق
ومن أحاديث ذاك المتهم بالإسناد المتقدم: " أول سابق إلى الجنة عبد أطاع الله، وأطاع مواليه ". وهو مخرج في " الروض النضير " (429) . ومنها حديث: " ما من

صدقة أفضل من صدقة تصدق بها على مملوك، عند مليك سوء وسيأتي إن شاء الله تعالى برقم (2857)

বাংলা

১৭৬৭। এক ব্যক্তি জান্নাতে প্রবেশ করে দেখল তার দাস তার উপরের স্তরে। তখন সে বললঃ হে প্রতিপালক এ তো আমার দাস আমার স্তরের উপরে! তিনি বললেনঃ হ্যাঁ। তাকে তার কর্মের বিনিময় দান করেছি আর তোমাকে তোমার কর্মের বিনিময় দান করেছি।

হাদীসটি খুবই দুর্বল।

এটিকে ত্ববারানী “আলআওসাত” গ্রন্থে (১/১৫৪/১), তার থেকে খাতীব "আততারীখ" গ্রন্থে (৭/১২৯), ওকাইলী “আযযুয়াফা” গ্রন্থে (পৃঃ ৫৩) ও ইবনু আদী “আলকামেল” গ্রন্থে (কাফ ২/৩৪) বাশীর ইবনু মাইমূন আবূ সাইফী সূত্রে মুজাহিদ ইবনু জাবর হতে, তিনি আবু হুরাইরাহ (রাঃ) হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন।

ত্ববারানী বলেনঃ মুজাহিদ হতে শুধুমাত্র আবু সাইফী হাদীসটি বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ ওকাইলী ও ইবনু আদী আবূ সাইফীর জীবনীতে কতিপয় হাদীসের মধ্যে এ হাদীসটিকেও উল্লেখ করে বলেছেনঃ এ হাদীসগুলো নিরাপদ নয়। আর এগুলোর মুতাবায়াতও করা হয়নি।

হাফিয ইবনু হাজার “আত-তাকরীব” গ্রন্থে বলেনঃ তিনি মাতরূক। মিথ্যা বর্ণনা করার দোষে দোষী।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=72650

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন